গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়
বিনিয়োগ ভবন (লেভেল: ৭, ৮ ও ৯)
ই-৬/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.beza.gov.bd

**বিনিয়োগ অগ্রাধিকার**

পত্র নং-০৩.৭৫৪.০১১.০৩.০০.২৬০.২০২৩- ৩৭৫৩

তারিখ : ৫ অগ্রহায়ণ ১৪৩০ / ২০ নভেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর নিম্নোক্ত স্থায়ী পদসমূহে কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে http://beza.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | বয়সসীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ০২(দুই) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা-২০১৯-এর তফশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ও<br>(১) **সাঁটলিপি:** প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০শব্দ;<br>(২) **কম্পিউটার মুদ্রাক্ষর:** প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; | ৩০ বছর | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | ক্যাশিয়ার টা: ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ০১(এক) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় বিভাগ/শ্রেণির বা সমমানের সিজিপিএ/জিপিএসহ স্নাতক ডিগ্রী। | ৩০ বছর | |
| ৩. | উচ্চমান সহকারী টা: ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ০৪(চার) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ৩০ বছর | |
| ৪. | হিসাব সহকারী টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১(এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে বা সমমানের জিপিএসহ উত্তীর্ণ; এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ৩০ বছর | |
| ৫. | কার্য সহকারী টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৩(তিন) টি | কোন স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে সিভিল ট্রেডে ভোকেশনাল উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উত্তীর্ণ; এবং<br>MS Word, Power Point, Excel, Internet-সহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ৩০ বছর | |
| ৬. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১৬(ষোল) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা-২০১৯-এর তফশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০শব্দ এবং বাংলায় ২০শব্দ; | ৩০ বছর | |
| ৭. | গাড়ি চালক টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৪(চার) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ প্রাধিকার পাবেন। | ৩০ বছর | |

**নির্দেশনাবলী:**

১. সকল পদের বিপরীতে সাধারণ প্রার্থীদের বয়সসীমা আবেদনের সর্বশেষ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর; এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় উচ্চ আদালতের কোন নির্দেশনা থাকলে তা প্রতিপালন করা হবে।

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করতে বাধ্য থাকবেনা। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হতে পারে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা;

৭. কোটা প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। বাংলাদেশ সরকারের জারিকৃত সর্বশেষ বিধি মোতাবেক মুক্তিযোদ্ধাসহ অন্যান্য সকল কোটা অনুসরণ করা হবে।

৮. মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের ০১ সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে:

(ক) বয়স প্রমাণের জন্য মাধ্যমিক বা সমমান পরীক্ষার সার্টিফিকেট/জন্ম নিবন্ধন সনদ। **বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় ঐ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল সনদপত্র এবং মার্কশিট;

(ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি;

অথবা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি;

(ঙ) এতিম এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(জ) প্রার্থীকে জাতীয় পরিচয় পত্রের কপি এবং জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি;

(ঝ) প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

(ঞ) গাড়ি চালকদের ক্ষেত্রে বি.আর.টি.এ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অভিজ্ঞতা সনদ।

৯. আবেদন ফরম পূরণ, জমাদানের নির্দেশনাবলী, অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর ওয়েবসাইটে (www.beza.gov.bd) পাওয়া যাবে;

১০. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://beza.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/১১/২০২৩, সকাল ১০.০০ ঘটিকা;

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/১২/২০২৩, বিকাল ৫.০০ ঘটিকা;

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে এসএমএস (SMS)-এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (সর্বোচ্চ ০৬ মাস পূর্বের) (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের সুযোগ থাকবে না;

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস (SMS) করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা আবেদনপত্র জমাদানের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

**এসএমএস ফরম্যাট:**

প্রথম *SMS: BEZA<space>User ID* লিখে *Send* করতে হবে ১৬২২২ নম্বরে।

***Example: BEZA ABCDEF***

***Reply:*** *Application's Name, TK 200 Will be charged as application fee. Your PIN is 12345678 To Pay fee Type BEZA<space>Yes<space>PIN and Send to 16222.*

দ্বিতীয় *SMS: BEZA<space>Yes<space>PIN* লিখে *Send* করতে হবে ১৬২২২ নম্বরে।

***Example: BEZA YES*** *12345678*

***Reply:*** *Congratulations Applicant's Name, Payment completed successfully for BEZA Application for Post XXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).*

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://beza.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস (SMS)-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সর্বক্ষণ সচল রাখা, এসএমএস (SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) এসএমএস (SMS)-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: *BEZA<space>Help<space>User<space>User ID* লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

*Example: BEZA Help User ABCDEF* লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

ii. PIN Number জানা থাকলে: *BEZA<space>Help<space>PIN<space>PIN No* লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

*Example: BEZA Help PIN 12345678* লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

১১. অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে vas.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে।

১২. কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. একজন প্রার্থী কেবল একটি পদে আবেদন করতে পারবেন।

২৪/১১/২৬

(মোহাম্মদ নাজমুল হাসান)
উপসচিব
ব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: ৪৪৮২৬০২১